



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২১ জানুয়ারি, ২০২০

প্রেসবিজ্ঞপ্তি

আজ ২১ জানুয়ারি, ২০২০ তারিখ সকাল ১১টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন-২ এর সামনে ৩টি নতুন এসি বাস শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, অবহেলিত পরিবহন খাতকে সয়ংসম্পূর্ণ করার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন সদা তৎপর। দায়িত্ব গ্রহণের পর থেকে আজ ৩টি বাস সহকারে মোট ১৪টি যানবাহন বিশ্ববিদ্যালয়ের পরিবহনপুলে যুক্ত হলো। চলতি বছরের মধ্যে ভাড়া করা বিআরটিসি বাস মুক্ত একটি সয়ংসম্পূর্ণ পরিবহনপুল চালু করা হবে।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো: আনোয়ারুল ইসলাম, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস এর ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, পরিবহন প্রশাসক প্রফেসর ড. মো: জহির বিন আলম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ারুল হোসেন, রেজিস্ট্রার জনাব মুহাম্মদ ইশফাকুল হোসেন সহ বিভিন্ন অনুষদের ডিন বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানবৃন্দ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার